

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.৯৩৯.২০১৬- ৪০৮৪

তারিখ : ২৭/১১/১৬

বিষয় : রীট পিটিশন নং-১২৯১৯/২০১৬, বাদী জনাব মোঃ ইউনুস ভূঁইয়া, সত্ৰাধিকারী মেসার্স ভূঁইয়া ট্রেডার্স, পিতা-মৃত. সমন্দর হোসেন ভূঁইয়া, বাসা নং-৩২৭/৪ (৫ম তলা), দক্ষিণ যাত্রাবাড়ী, ধানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা - বনাম-সরকার ও অন্যান্য।

রাজশাহী সিটি কর্পোরেশনের আওতায় ফেরীঘাট মাঙ্গল আদায়ের হারের তালিকাকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২৯১৯/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। একই সাথে বিজ্ঞ আদালত রাজশাহী সিটি কর্পোরেশনের গত ২৯/১২/২০১৫ তারিখে ২৩৩৫ নং স্মারকে প্রকাশিত টোল আদায় সংক্রান্ত নীতিমালা আগামী ০৬ (ছয়) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতঃ সময় সময় এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : ৪ রুলের কপি।

(মোঃ ইশান আলী রাজা বাঙালী)

উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫।

Email-ishanaliraja@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা

রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।